অতীব জরুরী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
লক্ষ্মীপুর।
dpeoloxmi@gmail.com

স্মারক নং ৩৮.০১.৫১০০.০০০.২৩.০০৫.১৮. 882(৫)

তারিখ: ২৭/০২/২০১৯ খ্রি:

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২৬ ফেব্রুয়ারী ২০১৯ তারিখের ৩৮.০১.০০০০.১০৭.২৩.০২১.২০১৬.২৫৩(১৪৬) নং স্মারক মূলে প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী ২৫ মার্চ ২০১৯ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ ২০১৯ স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ছায়ালিপিতে প্রযোজ্য সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নে তাঁর আওতাধীন সকল কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষক-শিক্ষিকাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। কপি ৪(চার) পাতা।

(আবু জাফর মোঃ সালেহ)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
লক্ষ্মীপুর।
ফোন: ০৩৮১-৬২৩৪৬

উপজেলা শিক্ষা অফিসার (সকল),
উপজেলা: রামগতি/রায়পুর/রামগঞ্জ/লক্ষ্মীপুর সদর/কমলনগর,
জেলা: লক্ষ্মীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.১০৭.২৩.০২১.২০১৬- ২৫৩(১৪৬) তারিখ: ১৪ ফাল্গুন, ১৪২৫ / ২৬-ফেব্রুয়ারি, ২০১৯

বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপন।

সূত্রঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-২৪০, তারিখঃ২০/০২/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ছায়ালিপি প্রযোজ্য সিদ্ধান্তসমুহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। **বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তিঃ বর্ণনানুগ০৪(চার) পাতা।

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক (সাঃ প্রঃ)
ফোন- ০২-৫৫০৭৪৯১৭

বিতরণঃ

১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।(তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিত করাসহ প্রযোজ্য কার্যক্রম বাস্তবায়নের অনুরোধসহ।)
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)................................(তাঁর আওতাধীন সকল কর্মকর্তা,কর্মচারী ও শিক্ষক-শিক্ষিকাগণ কে অবহিত করাসহ প্রযোজ্য কার্যক্রম বাস্তবায়নের অনুরোধসহ)।
৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)...............................(তাঁর আওতাধীন সকল কর্মকর্তা,কর্মচারী ও প্রশিক্ষণার্থীগণকে অবহিত করাসহ প্রযোজ্য কার্যক্রম বাস্তবায়নের অনুরোধসহ)।

অনুলিপিঃ

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
২। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

নং- ৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬- ২৪০

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৫ / ২০ ফেব্রুয়ারি ২০১৯

**বিষয়ঃ** ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে গত ০৭.০২.২০১৯ তারিখে অনুষ্ঠিত ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

( নাজমা শেখ )
উপসচিব
ফোনঃ ৯৫১৪০৯১

**বিতরণঃ**

০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
০২। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
০৪। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
০৫। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।

**অনুলিপিঃ**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সংরক্ষণ নথি।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
পরিচালক (প্রশাসন) এর দপ্তর
তারিখঃ
☐ উপপরিচালক (সংস্থাপন)
☐ উপপরিচালক (প্রশাসন)
☐ উপপরিচালক (তদন্ত ও শৃঙ্খলা)
☐ উপপরিচালক (সমন্বয় ও তত্ত্বাবধান)
☐ উপপরিচালক (আইন)
☐ উপপরিচালক (বই বিতরণ)
☐ সহকারী (সাধারণ প্রশাসন)
☐ সহকারী পরিচালক (প্রশা-১)
☐ সহকারী পরিচালক (প্রশা-২)
☐ সহকারী পরিচালক (তদন্ত ও শৃঙ্খলা)
☐ সহকারী পরিচালক (বই বিতরণ)
☐ সহকারী পরিচালক (আইন)
পরিচালক (প্রশাসন)

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর
☐ অতিরিক্ত মহাপরিচালক
☐ অতিরিক্ত মহাপরিচালক (PEDP4)
☑ পরিচালক (প্রশাসন)
☐ পরিচালক (অর্থ)
☐ পরিচালক (পলিসি ও অপারেশন)
☐ পরিচালক (প্রশিক্ষণ)
☐ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
☐ পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
☐ পরিচালক (আইএমডি)
☐ পরিচালক (প্রকিউরমেন্ট)
☐ প্রকল্প পরিচালক, ..............
☐ সি. সিস্টেম এনালিস্ট/ সিস্টেম এনালিস্ট
☐ উপপরিচালক
☐ সহকারী পরিচালক
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

**বিষয়:** ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | মোঃ আকরাম-আল-হোসেন<br>সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| **স্থান** | : | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ।<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| **তারিখ** | : | ০৭.০২.২০১৯ খ্রিঃ। |
| **সময়** | : | বেলা ০২:০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট- ক)।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপভাবে কর্মসূচি গ্রহণ করা হয়:

২৫ মার্চ গণহত্যা দিবস ২০১৯ উপলক্ষে গৃহীত কর্মসূচিঃ

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ০১.০৩.২০১৯ থেকে ২৫.০৩.২০১৯ পর্যন্ত স্কুল / কলেজ / মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি / বীর মুক্তিযোদ্ধাদের কন্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা। | আগামী ০১.০৩.২০১৯ থেকে ২৫.০২.২০১৯ তারিখ পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরণের অনুষ্ঠানের আয়োজন করতে হবে এবং ২৫.০২.২০১৯ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রধান কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ২. | ২৫.০৩.২০১৯ বাদ জোহর / সুবিধাজনক সময়ে সারা দেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত / প্রার্থনা। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ৩. | ২৫.০৩.২০১৯ (রাত ০৯:০০ থেকে ০৯:০১ পর্যন্ত মিনিট) সারা দেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১ মিনিটের জন্য (কেপিআই / জরুরি স্থাপনা/ চলমান যানবাহন ব্যতীত) | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে রাত ০৯:০০ থেকে ০৯:০১ মিনিটের জন্য (কেপিআই / জরুরি স্থাপনা/ চলমান যানবাহন ব্যতীত) ব্ল্যাক-আউটের আয়োজন করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ৪. | জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও শিক্ষক ও শিক্ষার্থী স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক ২৫ মার্চ গণহত্যা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। | মহাপরিচালক, ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচিঃ

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | (ক) ২৬.০৩.২০১৯ তারিখে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। | সকল শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। | মহাপরিচালক, ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ২. | ২৬.০৩.২০১৯ তারিখ সন্ধ্যা থেকে গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন / স্থাপনাসমূহে আলোকসজ্জা। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও নেপ, ময়মনসিংহ ভবনে আলোকসজ্জার আয়োজন করতে হবে। | মহাপরিচালক, ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই এবং নেপ। |
| ৩. | ২৬.০৩.২০১৯ তারিখ সকাল ০৮:০০ টায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ। | ২৬.০৩.২০১৯ তারিখ সকাল ০৮:০০ টায় জাতীয়ভাবে আয়োজিত বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশে শিক্ষার্থীদের অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ডিপিই, ডিডি, ঢাকা বিভাগ ও ডিপিইও, ঢাকা জেলা। |
| ৪. | দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান এবং ক্রীড়া অনুষ্ঠান। | জেলা এবং উপজেলা পর্যায়ে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কুচকাওয়াজ, ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও অন্যান্য অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নিজ নিজ কর্মসূচি প্রণয়ন ও প্রতিপালনের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ডিপিই, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ৫. | ২৬.০৩.২০১৯ জাতীয় শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত / প্রার্থনা। | ২৬.০৩.২০১৯ দেশের শান্তি, সমৃদ্ধি, উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মোনাজাত / প্রার্থনার আয়োজন এবং মাঠ পর্যায়ে এ বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ৬. | (ক) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের তাৎপর্য এবং দেশের উন্নয়ন অগ্রগতি" বিষয়ে আলোচনা।<br><br>(খ) জাতীয় পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন। সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন। | (ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের তাৎপর্য এবং দেশের উন্নয়ন অগ্রগতি" বিষয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে হবে।<br>(খ) (১) সকল শিক্ষা প্রতিষ্ঠানে রচনা ও বিতর্ক প্রতিযোগিতা এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করতে নির্দেশনা জারী করতে হবে এবং এ বিষয়গুলো নিশ্চিত করতে হবে।<br>(২) আগামী ২৬.০৩.২০১৯ তারিখ সন্ধ্যা ০৬:১০ মিনিটে ঢাকা জেলার পিটিআইতে স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা আয়োজন করতে হবে। | (ক) মহাপরিচালক, ডিপিই।<br><br>(১) মহাপরিচালক, ডিপিই।<br><br>(২)মহাপরিচালক, ডিপিই। |

| ক্রমিক | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭. | জাতীয় ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা সভা, বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | ১০০ জন শিশুকে বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণের ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক, ডিপিই, ডিডি, ঢাকা বিভাগ ও ডিপিইও, ঢাকা জেলা। |
| ৮. | দেশের সকল শিশু পার্ক, বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা, বঙ্গবন্ধু নভো থিয়েটার, জাতীয় জাদুঘর, সামরিক জাদুঘর, বঙ্গবন্ধু সাফারী পার্ক, মুক্তিযুদ্ধ জাদুঘর, পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, বিজিবি জাদুঘর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, স্বাধীনতা জাদুঘর ইত্যাদি শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীয় ব্যবস্থা করা। | ১০০ জন শিশু কর্তৃক বঙ্গবন্ধু নভোথিয়েটার অংশগ্রহণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ডিপিই, ডিডি, ঢাকা বিভাগ ও ডিপিইও, ঢাকা জেলা। |
| ৯. | বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, নজরুল ইন্সটিটিউট, জাতীয় জাদুঘর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচার একাডেমী, বিরিশিরি (নেত্রকোনা), মনিপুরী একাডেমী, মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাদেশ পুলিশ সাংস্কৃতিক পরিষদ, ছায়ানট, উদীচি, সম্মিলিত সাংস্কৃতিক জোট এবং বুলবুল ললিতকলা একাডেমী ইত্যাদি বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর ও বিদ্যালয়ে এ বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে এবং এর প্রতিপালন নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| ১০. | ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহ বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে, উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীয় আয়োজন। | এ বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদান করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |

০২। এ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য একটি ফলোআপ সভা মার্চ মাসের প্রথম সপ্তাহে এ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

০৩। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ঢাকায় আয়োজিত আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী এবং এর আওতাধীন সকল মহাপরিচালক ও তাঁদের অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করবেন।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত করেন।

20/02/12

(মোঃ আকরাম-আল-হোসেন)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।